ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)

নয়ারহাট, সাভার, ঢাকা।

লাইব্রেরি ব্যবহারের সাধারণ নিয়মাবলী

মেম্বারশিপ পদ্ধতি ঃ

ক) নিটারের সকল ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ লাইব্রেরির মেম্বার হতে পারবেন।

খ) লাইব্রেরি থেকে বই ইস্যুর পূর্বে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে অবশ্যই নিটার লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়ারে স্ব স্ব নাম রেজিস্ট্রেশন করতে হবে। নিটার লাইব্রেরি কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত নিম্নলিখিত লিংকে প্রবেশ করে ইউজার লগইন করতে হবে।

নিটার লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়ার লিংক ঃ 103.124.111.34

লাইব্রেরী ব্যবহারের সাধারণ নিয়মাবলী ঃ

ক) নিটারের সকল শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ও ছাত্র-ছাত্রীরা নিটার লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়ারে রেজিস্ট্রেশন ব্যতীত লাইব্রেরি থেকে বই ইস্যু করতে পারবেনা।

খ) লাইব্রেরিতে উচ্চস্বরে কথা বলা, গল্প করা নিষিদ্ধ।

গ) লাইব্রেরিতে মোবাইল ফোন এবং ল্যাপটপ ব্যাক্তিগত কাজে (যেমন: ফোনে কথা বলা, ফেসবুক, ইউটিউব, গেমস ইত্যাদি) ব্যবহার করা নিষিদ্ধ।

ঘ) লাইব্রেরিতে মোবাইল ফোন সর্বদা সাইলেন্ট মোডে রাখতে হবে।

ঙ) ব্যাগ ও ব্যাক্তিগত বই নিয়ে লাইব্রেরিতে প্রবেশ করা যাবে না। ব্যাগ ও ব্যাক্তিগত বই লাইব্রেরির বাহিরে নিজ দায়িত্বে রাখতে হবে। এছাড়া মূল্যবান সামগ্রী যেমন-মোবাইল ফোন, ল্যাপটপ, ঘড়ি, টাকা ইত্যাদি নিজ দায়িত্বে রাখতে হবে। নিজস্ব কোনো সামগ্রী হারানো গেলে লাইব্রেরি কর্তৃপক্ষ দায়ী থাকবেনা।

চ) কোনো ধরণের খাবার, পানীয়,জুস ইত্যাদি নিয়ে লাইব্রেরিতে প্রবেশ বা খাওয়া বা পান করা যাবে না।

ছ) লাইব্রেরিতে ধূমপান সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

জ) লাইব্রেরির অনুকূল পরিবেশ বজায় রাখার ব্যাপারে সকল ছাত্র-ছাত্রীকে সচেতন থাকতে হবে। লাইব্রেরিতে কোনো বিশৃঙ্খলা করলে প্রমাণ সাপেক্ষে তাঁকে/তাঁদেরকে প্রক্টোরিয়াল কমিটির সুপারিশ অনুযায়ী লাইব্রেরি থেকে নির্দিষ্ট মেয়াদে বহিষ্কার করা হবে।

বই ইস্যু ও জমাদান ঃ

ক) একজন ছাত্র-ছাত্রী সর্বোচ্চ ২ (দুই) টি বই লাইব্রেরি থেকে ১৪ (চৌদ্দ) দিনের জন্য ইস্যু করে নিতে পারবে।

খ) নিটারের সকল শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ সর্বোচ্চ ১০ (দশ) টি বই ১ সেমিস্টার (১৮০ দিন) এর জন্য ইস্যু করে নিতে পারবে।

গ) একই বইয়ের একাধিক কপি নেয়া যাবেনা।

ঘ) ইস্যুকৃত বইয়ের রিইস্যু করা হয় না। তবে জমা দেয়ার পরবর্তী দিন ঐ একই বই ইস্যু করা হয়।

ঙ) রেফারেন্স বই, জার্নাল, ম্যাগাজিন, সংবাদপত্র, রিপোর্ট ও কনফাইন্ড বই ইস্যু করা হয় না। তবে তা লাইব্রেরিতে বসে পড়া যাবে।

চ) কোনো ছাত্র-ছাত্রী নিজের আইডি নাম্বার ব্যতীত অন্যের আইডি নাম্বার দিয়ে বই ইস্যু করতে পারবেনা। তবে অন্যের বই জমা দিতে পারবে।

লাইব্রেরি খোলা ও বন্ধের সময়সূচি ঃ

ক) প্রতি শনিবার হতে বুধবার পর্যন্ত- সকাল ৮ ঘটিকা হতে রাত ৮ ঘটিকা পর্যন্ত লাইব্রেরি খোলা থাকবে।

খ) প্রতি শুক্রবার- সকাল ৯ ঘটিকা হতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত শুধুমাত্র এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালু চেইন ও এমএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সের ছাত্র/ছাত্রীদের জন্য লাইব্রেরি খোলা থাকবে। প্রতি শুক্রবারে শুধুমাত্র এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালু চেইন ও এমএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সের ছাত্র/ছাত্রী ব্যতীত অন্যান্যদের জন্য লাইব্রেরি থেকে বই ইস্যু করা হবে না।

গ) সরকারী ছুটিসহ ইনস্টিটিউট বন্ধ থাকাকালীন সময়ে লাইব্রেরি বন্ধ থাকবে।

ঘ) লাইব্রেরি খোলার ১৫ মিনিট পর সার্ভিস চালু হবে এবং বন্ধের ১৫ মিনিট পূর্বে সার্ভিস বন্ধ হবে।

জরিমানা ও আনুসাঙ্গিক বিষয় ঃ

ক) কোনো ছাত্র-ছাত্রী নির্ধারিত ১৪ দিনের মধ্যে বই জমা দিতে ব্যর্থ হলে তাঁকে প্রত্যেক বইয়ের জন্য প্রতিদিন ১০/- (দশ) টাকা হারে জরিমানা করা হবে। এছাড়া, কোনো শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তাঁদের জন্য নির্ধারিত ১৮০ দিনের মধ্যে বই জমা দিতে ব্যর্থ হলে তাঁদেরকে প্রত্যেক বইয়ের জন্য প্রতিদিন ১০/- (দশ) টাকা হারে জরিমানা করা হবে। জরিমানা আদায়ের ক্ষেত্রে সকল ধরণের ছুটির দিন গণনা করা হবে।

খ) কোনো ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ ইস্যুকৃত কোনো বই হারিয়ে ফেললে, হারানো বইয়ের সর্বশেষ সংস্করণ এবং যে ধরণের বই লাইব্রেরিতে ছিল (অরিজিনাল/ইন্ডিয়ান/লোকাল প্রিন্ট) সে ধরণের বই কিনে দিতে হবে কিংবা হারানো বইয়ের বর্তমান বাজার দর অনুযায়ী তিনগুন পরিমান টাকা পরিশোধ করতে হবে।

গ) বইয়ের পৃষ্ঠা ছিঁড়ে ফেললে, কলম/মার্কার/পেন্সিল দিয়ে দাগালে উক্ত বইয়ের নতুন কপি কিনে দিতে হবে।

ঘ) লাইব্রেরির বই কিংবা যে কোনো ধরণের উপকরণ অবৈধভাবে নিলে প্রমাণ সাপেক্ষে প্রক্টোরিয়াল কমিটির সুপারিশ অনুযায়ী শাস্তি প্রদান করা হবে।

ঙ) জরিমানা মৌকুফের ক্ষেত্রে 'পরিচালক মহোদয়' বরাবর আবেদন করতে হবে।